

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০৬.০২৮.২২-১১৭—বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) QR কোড সম্বলিত ই-ড্রাইভিং লাইসেন্স প্রদান করছে। মোটরযান চালকগণ ড্রাইভিং লাইসেন্স স্মার্ট কার্ডের ন্যায় ই-ড্রাইভিং লাইসেন্স ব্যবহার করে বা স্মার্ট মোবাইল ফোনে তা প্রদর্শন করে মোটরযান চালনায় ব্যবহার করতে পারবে। এছাড়াও, ভিসা প্রসেসিং, বিদেশে ব্যবহার, চাকরিতে নিয়োগ ইত্যাদি প্রয়োজনে মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স কার্ড ও 'ই-ড্রাইভিং লাইসেন্স' উভয়ই সমানভাবে গ্রহণযোগ্য হবে। উল্লেখ্য যে, ই-ড্রাইভিং লাইসেন্স প্রদত্ত QRকোড দ্বারা সরাসরি ডাটাবেইজ থেকে ড্রাইভিং লাইসেন্স সম্পর্কিত তথ্যাদি যাচাই করা যাবে।

০২। গত ১০-০৮-২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০৬.০২৮.২২-৫৯০ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপন সংশোধনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মনিরুল আলম  
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩২৭৭)

মূল্য : টাকা ৪.০০